# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

## ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ

Tel : +88-02-2233-88109
+88-02-2233-85848
e-mail : dgmfrmd@krishibank.org.bd
Web : www.krishibank.org.bd


সূত্র ঃ বিকেবি/প্রকা/এফআরএমডি-১০(১)/বিবিধ-৪/২০২১-২০২২/১৮০০ তারিখ ঃ ০১.০৬.২০২২ইং

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয় /স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ০৮ জুন হতে ০৭ জুলাই'২০২২ পর্যন্ত সময়কালকে 'রেমিট্যান্স সেবা মাস' হিসেবে ঘোষণা প্রসঙ্গে ।**

প্রিয় মহোদয়

শিরোনামে উল্লেখিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ২০২১-২০২২ অর্থ বছরের ১১ মাস ইতিমধ্যে অতিবাহিত হয়েছে । এ সময়ে ৪৮০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে বাংলাদেশ কৃষি ব্যাংকের রেমিট্যান্স আহরণের পরিমান প্রায় ২৯৫২ কোটি টাকা (অর্জনের হার ৬১%)। কোভিড-১৯এর প্রাদুর্ভাব, বহিঃবিশ্বে যুদ্ধ বিগ্রহ ও বৈদেশিক মুদ্রার স্থানীয় মুদ্রার বিনিময় হারের অস্থিতিশীলতা ইত্যাদি কারনে রেমিট্যান্স প্রবাহে কিছুটা নেতিবাচক প্রভাব পড়েছে । তথাপি আগামী ঈদুল আযহা (কোরবানীর ঈদ) কে সামনে রেখে প্রাপ্ত বিপুল পরিমান রেমিট্যান্স লক্ষ্যমাত্রার সিংহভাগ অর্জনে সহায়ক ভূমিকা রাখতে পারে। হুন্ডি প্রতিরোধ এবং বৈধ চ্যানেলে রেমিট্যান্স আহরণ করে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ সুসংহত করার ক্ষেত্রে শতভাগ সরকারি ব্যাংক হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ । বাংলাদেশে বৈদেশিক রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে দেশের প্রধান উৎসব ঈদ উল্লেখযোগ্য ভূমিকা রেখে আসছে । এ সময়ে প্রবাসী বাংলাদেশীরা অন্য সময়ের তুলনায় অধিক পরিমানে রেমিট্যান্স প্রেরণ করেন। আসন্ন ঈদুল আযহাতেও এই ধারা অব্যাহত থাকবে বলে আশা করা যায় । এ সময়ে যথাযথ উদ্যোগ গ্রহণের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক যাতে সর্বোচ্চ সংখ্যক রেমিট্যান্স আহরণ করতে পারে এবং কর্মকর্তা/কর্মচারীদের মধ্যেও যাতে রেমিট্যান্স সেবা প্রদানে উৎসাহ উদ্দীপনা বিরাজমান থাকে সে লক্ষ্যে আগামী ০৮জুন হতে ০৭ জুলাই'২০২২ পর্যন্ত সময়কালকে রেমিট্যান্স সেবা মাস ঘোষণাপূর্বক নিম্নোক্ত কর্মসূচী গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো ঃ

০৩। **গ্রাহক সেবার মান বৃদ্ধি ও রেমিট্যান্স সংগ্রহে শাখা ও নিয়ন্ত্রণকারী কার্যালয়ের করণীয় ঃ**

(ক) **"রেমিট্যান্স সেবা মাস"** চলাকালীন সময়ে প্রতিটি শাখাকে চলমান অর্থবছরের প্রথম দশ মাসের মোট রেমিট্যান্স সংখ্যা বিবেচনায় প্রতি মাসের গড় সমপরিমান রেমিট্যান্সের ন্যূনতম ৩০% প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক গড় রেমিট্যান্স ও লক্ষ্যমাত্রার তথ্য মুখ্য/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সকল শাখায় সরবরাহ করা হবে।

(খ) **"রেমিট্যান্স সেবা মাস"** শুরুর পূর্বেই প্রতিটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে অঞ্চলাধীন প্রত্যেক শাখার দৃশ্যমান স্থানে **রেমিট্যান্স সেবা মাস সম্পর্কিত (৫'×৩') সাইজের একটি ব্যানার স্থাপন করতে হবে।** ব্যানারের ডিজাইন পত্রের সাথে সংযুক্ত করা হলো। এছাড়া **"রেমিট্যান্স সেবা মাস"** শুরুর পূর্বে একবার এবং **"রেমিট্যান্স সেবা মাস"** চলাকালীন মাঝামাঝি সময়ে একবার শাখাসমুহের আওতাধীন এলাকার জনসমাগমস্থলে বিকেবি'র রেমিট্যান্স সেবা সম্পর্কিত প্রচার প্রচারণার উদ্দেশ্যে মাইকিং, পোষ্টার স্থাপন/লিফলেট বিতরণ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রচার প্রচারণার উদ্দেশ্যে প্রতিটি শাখার অনুকূলে (মুখ্য/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে) ১০০০/-(এক হাজার) টাকা হারে বরাদ্দ দেয়া হয়েছে। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক মহোদয়ের অনুমতিক্রমে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় গুরুত্ব ও চাহিদা বিবেচনায় শাখার বিপরীতে শাখা প্রতি বরাদ্দকৃত অর্থের কম/বেশী পরিমান টাকা বরাদ্দ দিতে পারবেন । তবে অঞ্চলের বিপরীতে বরাদ্দকৃত মোট টাকার মধ্যেই তার সংকুলান হতে হবে। এছাড়া অঞ্চলে প্রচার প্রচারণা ও রেমিট্যান্স সেবা মাসের কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্যে প্রতিটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের অনুকূলে ২০০০/-(দুই হাজার টাকা) হারে বরাদ্দ দেয়া হয়েছে ।

(গ) নতুন অথবা পুরাতন যেকোন গ্রাহক শাখায় প্রবেশের পর সম্মানেরসাথে, হাস্যোজ্জ্বলভাবে ও আন্তরিকতা নিয়ে তার চাহিদা মোতাবেক কর্মসম্পাদনের সর্বাত্মক সহযোগিতা করতে হবে। সেবা মাস চলাকালীন সময়ে শাখার রেমিট্যান্স কর্মকর্তা অথবা যেকোন কর্মকর্তা/কর্মচারী শাখায় আগত রেমিট্যান্স গ্রহীতাদের সার্বক্ষণিক সহায়তা দিবেন ।

(ঘ) শাখার পুরাতন রেমিট্যান্স গ্রাহকদের সাথে শাখা ব্যবস্থাপক/২য় কর্মকর্তা/রেমিট্যান্স কর্মকর্তা টেলিফোনে যোগাযোগ করে তাদের কুশলাদি জানবেন এবং শাখা হতে পুনরায় সেবা গ্রহণের জন্য আহবান জানাবেন । শাখার যে সকল হিসাব নম্বরে ইতোপূর্বে বিভিন্ন সময়ে অন্য ব্যাংকের মাধ্যমে Account Payee রেমিট্যান্স এসেছে সে সব রেমিটারগণের মোবাইল ফোন নম্বর সংগ্রহপূর্বক তাদেরকে পুনরায় সরাসরি বিকেবি'র মাধ্যমে রেমিট্যান্স প্রেরণ করার জন্য উদ্বুদ্ধ করবেন।

(চলমান পাতা-০২)

(ঙ) গ্রাহক সেবা মাসে প্রতিটি শাখার গ্রাহক সেবার মান সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে হবে এবং উল্লেখযোগ্য সংখ্যক নতুন গ্রাহক তৈরী করতে হবে। যাতে পরবর্তীতে এসব নতুন গ্রাহক শাখার স্থায়ী গ্রাহকে পরিনত হয় । নতুন গ্রাহকের তালিকা শাখায় সংরক্ষণ করে তাদের বিষয়ে বিশেষ যত্ন নিতে হবে । এছাড়া শাখাভিত্তিক নতুন ও পুরাতন গ্রাহক/বেনিফিশিয়ারী এবং রেমিটারগণের প্রয়োজনীয় তথ্য ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগে প্রেরণ করবেন । আইসিটি বিভাগের সহায়তা গ্রহণ করে উক্ত তথ্য দ্বারা একটি স্থায়ী ও সমন্বিত ডাটাবেজ তৈরীর উদ্যোগ গ্রহণ করা হবে । তথ্য প্রেরণের ছক শীঘ্রই অত্র বিভাগ হতে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সরবরাহ করা হবে ।

(চ) বাংলাদেশ কৃষি ব্যাংকে উত্তরোত্তর রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে বিভিন্ন সময়ে ব্যাংকের নির্বাহী ও কর্মকর্তা-কর্মচারীগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। পূর্বে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সাথে চা চক্র ও অভিজ্ঞতা বিনিময় সভার আয়োজনসহ সম্ভব হলে রেমিট্যান্স গ্রাহকদের নিয়ে শাখা/অঞ্চল পর্যায়ে সমাবেশ আয়োজনের উদ্যোগ নিবেন।

(ছ) গ্রাহক পর্যায়ে কৃষি ব্যাংকের সেবা দানের সক্ষমতা ও দক্ষতা সম্পর্কে উচ্চ ধারণা তৈরী করার লক্ষ্যে **"রেমিট্যান্স সেবা মাস"** চলাকালীন সময়ে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে তাদের নিয়ন্ত্রণাধীন সকল শাখায় গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ সেবা নিশ্চিতকরণ, সর্বোচ্চ রেমিট্যান্স সংগ্রহ, গ্রাহক/রেমিটার ডাটাবেজ আপডেটকরণ এবং সেবা মাস উপলক্ষে গৃহীত সকল কর্মসূচী বাস্তবায়নের বাস্তবভিত্তিক অগ্রগতি পর্যালোচনা ও নিবিড় মনিটরিং এবং বিভাগীয় মহাব্যবস্থাপক এর নিকট রিপোর্ট করবেন । বিভাগীয় কার্যালয় সাপ্তাহিক ভিত্তিতে উক্ত রিপোর্ট প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।

০৪। <u>রেমিট্যান্স সেবা মাসে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের কর্মসূচী ঃ</u>

(ক) **"রেমিট্যান্স সেবা মাস"** এর প্রারম্ভে বিকেবি'র ১০৩৮ টি শাখা ও ৫৩ টি অঞ্চলে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মূল্যবান দিকনির্দেশনা সরাসরি পৌঁছানোর নিমিত্তে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ ব্যাংকের উর্ধতন নির্বাহীগণের উপস্থিতিতে বিকেবি, প্রধান কার্যালয়ের পর্ষদ সভাকক্ষে একটি ZOOM Webinar এর আয়োজন করা হবে, যেখানে বিকেবি'র সকল শাখার ব্যবস্থাপকগণ Virtually Connected থাকবেন। এছাড়া **"রেমিট্যান্স সেবা মাস"** উপলক্ষে অঞ্চল/শাখার গৃহীত কার্যক্রম পর্যবেক্ষণ ও পর্যালোচনার জন্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ হতে ZOOM Meeting এর মাধ্যমে অঞ্চল/শাখাসমুহেকে সংযুক্ত করা হবে। প্রয়োজনে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের কর্মকর্তাগণ সময়ে সময়ে শাখার গৃহীত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করবেন ।

(খ) বিকেবি'র সাথে চুক্তিবদ্ধ মোবাইল অপারেটর কোম্পানী (GrameenPhone Ltd, Robi Axiata Ltd ও অন্যান্য অপারেটর) হতে Bulk SMS Package ক্রয় করে সংশ্লিষ্ট অপারেটরের সহায়তায় বিকেবি'র অপারেশনাল এরিয়াতে ব্যবহৃত মোবাইল নম্বরসমূহে **"রেমিট্যান্স সেবা মাস"** কার্যক্রম সম্পর্কিত Promotional SMS/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ হতে ভয়েস SMS প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হবে ।

(গ) বিকেবি'র সাথে চুক্তিবদ্ধ Sub-Representative প্রতিষ্ঠান রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং প্রবাসী কল্যাণ ব্যাংক এর উর্ধতন নির্বাহী /রেমিট্যান্সের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে বিকেবি'র উর্ধতন নির্বাহী ও রেমিট্যান্স সংশ্লিষ্ট কর্মকর্তা পর্যায়ে উল্লেখিত প্রতিষ্ঠানসমূহে রেমিট্যান্স সেবার মান উন্নয়ন ও প্রবৃদ্ধি অর্জন সম্পর্কে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হবে। এছাড়া রেমিট্যান্স বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বা সম্ভাব্য এজেন্ট প্রতিষ্ঠানের সাথে Sub-Representative চুক্তি সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে ।

(ঘ) নেটওয়ার্ককে আরো শক্তিশালীকরণের উদ্দেশ্যে আইসিটি অপারেশন, আইসিটি সিস্টেম-কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি'র সাথে চুক্তিবদ্ধ মোবাইল অপারেটর কোম্পানী GrameenPhone Ltd / Robi Axiata Ltd সহ বিভিন্ন ভেন্ডর ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে মত বিনিময় অনুষ্ঠান আয়োজন করা হবে ।

(ঙ) বিকেবি'র সাথে চুক্তিবদ্ধ এক্সচেঞ্জ কোম্পানীসমূহের স্থানীয় প্রতিনিধিদের সাথে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের ডিলিং কর্মকর্তাগণের সমন্বয়ে রেমিট্যান্স সেবার সার্বিক অবস্থা ও ব্যবসা উন্নয়নের উদ্দেশ্যে একটি পর্যালোচনা সভা আয়োজন করা হবে ।

(চ) বিশ্বের যে সকল দেশ হতে বাংলাদেশে বেশী বেশী রেমিট্যান্স আসার প্রবণতা রয়েছে সে সকল দেশে কার্যরত এক বা একাধিক নতুন এক্সচেঞ্জ কোম্পানীর সাথে বিকেবি'র Taka Drawing Arrangement চুক্তি সম্পাদনের বিষয়ে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে ।

(ছ) **"রেমিট্যান্স সেবা মাস"** চলাকালে শাখা পর্যয়ের রেমিট্যান্স সেবা নির্বিঘ্ন করার উদ্দেশ্যে শাখার প্রয়োজনে টেলিফোনিক অনুরোধের প্রেক্ষিতে প্রধান কার্যালয় হতে তাৎক্ষণিকভাবে, দ্রুততার সাথে গ্রাহকের NID Verification সহ যেকোন ধরণের তাৎক্ষণিক সাপোর্ট প্রদানের লক্ষ্যে বিভিন্ন এক্সচেঞ্জ কোম্পানীর জন্য পূর্ব নির্ধারিত Help Desk এর পাশাপাশি একটি **DEDICATED** ডেস্ক স্থাপন করা হয়েছে। উক্ত **DEDICATED** ডেস্কের সহযোগিতা নেয়ার জন্য ০১৭০৯৬৪৩২৯৬ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো ।

(চলমান পাতা-০৩)

৫। রেমিট্যান্স সেবা মাসের প্রণোদনামূলক কর্মসূচী ঃ

(ক) রেমিট্যান্স সেবা মাসে বিকেবি'র ৫৩ টি অঞ্চল এবং স্থানীয় মুখ্য কার্যালয়সহ সব কর্পোরেট শাখাকে একটি অঞ্চল বিবেচনা করে মোট ৫৪ টি অঞ্চলের প্রতিটিতে আলাদা আলাদাভাবে **সর্বোচ্চ পরিমান রেমিট্যান্স গ্রহণকারী ১০ (দশ) জন** গ্রাহক/বেনিফিশিয়ারীকে শর্তসাপেক্ষে নিম্নোক্তভাবে আর্থিক পুরস্কার প্রদান করা হবে ঃ

| অঞ্চলের মধ্যে অবস্থান | পুরস্কারের হার | সংখ্যা | মোট টাকার পরিমান | |
|---|---|---|---|---|
| ১ম সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ৫০০০/- | ১ টি | ৫,০০০/- | (পাঁচ হাজার) টাকা |
| ২য় সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ৩,০০০/- | ১ টি | ৩,০০০/- | (তিন হাজার) টাকা |
| ৩য় সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ২০০০/- | ১ টি | ২,০০০/- | (দুই হাজার) টাকা |
| ৪র্থ -১০ম সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা | ১,০০০/- | ৭ টি | ৭,০০০/- | (সাত হাজার) টাকা |
| | মোট ঃ | ১০ টি | ১৭,০০০/- | (সতের হাজার) টাকা |

রেমিট্যান্স সেবা মাস শেষে প্রতিটি শাখা ১০জন সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতার তালিকা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে । মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় প্রাপ্ত তালিকা হতে অঞ্চলভিত্তিক ১০জন সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতার তালিকা তৈরী করবেন। পুরস্কারের টাকা মুখ্য/আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে সুবিধাজনক এক/একাধিক স্থানে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রাপ্তদের মাঝে বিতরণের ব্যবস্থা করতে হবে। সর্বোচ্চ রেমিট্যান্স গ্রহীতা নির্ধারণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী শীঘ্রই শাখাকে অবহিত করা হবে ।

(খ) বিকেবি'র সাথে চুক্তিবদ্ধ বিভিন্ন কোম্পানীসমূহের ব্যবসা উন্নয়ন ফান্ড (Cooperative Fund / Marketing Fund) হতে ব্যয় নির্বাহপূর্বক সংগৃহীত উপহার সামগ্রী শাখা পর্যায়ে রেমিট্যান্স গ্রাহককে প্রদানের উদ্যোগ নেয়া হবে ।

(গ) **"রেমিট্যান্স সেবা মাস"** চলাকালীন সময়ে লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে সর্বোচ্চ রেমিট্যান্স আহরণকারী বিভাগ, ০৯ (নয়) টি বিভাগের প্রতিটি হতে ০১ (এক) টি করে সর্বোচ্চ সংখ্যক রেমিট্যান্স আহরণকারী মুখ্যআঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, শাখা ব্যবস্থাপক ও রেমিট্যান্স কর্মকর্তাকে ব্যাংকের উর্ধতন নির্বাহীগণের স্বাক্ষরে সার্টিফিকেট/প্রশংসাপত্র প্রদান করা হবে।

৬। সতর্কতা ঃ

(ক) কোন শাখা কর্তৃক রেমিট্যান্স প্রদানে অনীহা, শৈথিল্য প্রদর্শন অথবা অন্য যেকোন অভিযোগ পাওয়া গেলে কাঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ ক্ষেত্রে 'জিরো টলারেন্স' নীতি অবলম্বন করা হবে ।

(খ) রেমিট্যান্স সেবা মাস শেষে খারাপ পারফরমেন্স এর শাখা সমূহকে জবাবদিহিতার আওতায় আনা হবে ।

০৭। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের রেমিট্যান্সের পরিমান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধিকল্পে রেমিট্যান্স সেবা মাস এর সকল নির্দেশনার সফল বাস্তবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে ;

আপনার বিশ্বস্ত

০১.০৬.২০২২

(মোঃ মোস্তাফিজুর রহমান)
উপমহাব্যবস্থাপক

সূত্র ঃ বিকেবি/প্রকা/এফআরএমডি-১০(১)/বিবিধ-৪/২০২১-২০২২/১৮০০ তারিখ ঃ ০১.০৬.২০২২ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপিপ্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা ।
০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক/ বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
(পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।)
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৮। নথি/মহানথি।

01/06/22

(মোঃ তানভীর আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক

C:\Users\N@ZRUL\Desktop\Remittance seba month - letter(2).doc